



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



### ভর্তি বিজ্ঞপ্তি

(সকল শিক্ষাক্রমের বেসরকারি এবং এইচএসসি (ভোক:), এইচএসসি (বিএমটি) ও সার্টিফিকেট ইন মেরিন ড্রেড কোর্সের সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-কৃষি, ডিপ্লোমা-ইন-ফিসারিজ এবং ০২ বছর মেয়াদি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক:), ডিপ্লোমা ইন কর্মাস ও সার্টিফিকেট ইন মেরিন মেরিন ড্রেড কোর্স শিক্ষাক্রমে ভর্তি বিজ্ঞপ্তি

অনলাইনে আবেদনের সময়সীমা (আবেদন ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে ফি জমা দিতে হবে)	ফলাফল প্রকাশের তারিখ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) ও অনলাইনে ভর্তি নিশ্চায়নের তারিখ	প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তির সময়সূচি
১। ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল/ কৃষি/ ফিসারিজ শিক্ষাক্রমের ক্ষেত্রে: ২৬/০৫/২০২৪ হতে ০৮/০৮/২০২৪ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত)	শিক্ষার্থীর ভর্তির আবেদনের সাথে সাথেই প্রতিষ্ঠানের আসন শূন্য থাকা সাপেক্ষে এসএমএস এর মাধ্যমে ফলাফল পাবে এবং এসএমএস পাওয়া মাত্রই নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, সঠিকভাবে নিশ্চায়নকৃত শিক্ষার্থীর নাম <b>Confirmed List</b> অন্তর্ভুক্ত হবে। <b>Confirmed List</b> থাকা শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে একাধিক প্রতিষ্ঠানে নিশ্চায়ন করলে বা পূর্বে কোন শিক্ষাবর্ষে ভর্তি থাকলে তা বোর্ড নির্ধারিত সময়ে বাতিল না করলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন হবে না।	ভর্তি নিশ্চায়ন করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে স্ব-শরীরে উপস্থিত হয়ে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রতিষ্ঠান কর্তৃক ভর্তি নিশ্চায়ন বাতিল করতে পারবে। ভর্তির সময় শিক্ষার্থী <b>Confirmed List</b> আছে কিনা তা যাচাই করে মূল নম্বরপত্রসহ ভর্তি করতে হবে।
২। ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক:), ডিপ্লোমা ইন কর্মাস এবং সার্টিফিকেট ইন মেরিন ড্রেড কোর্স শিক্ষাক্রমের ক্ষেত্রে: ২৬/০৫/২০২৪ হতে ০৮/০৮/২০২৪ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত)		

(১) বিস্তারিত বিজ্ঞপ্তি [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) - ওয়েবসাইটে পাওয়া যাবে (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত “বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২৪” অনুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে (৩) এসএসসি পাসের ফলাফল, পছন্দক্রম, কোটা ও অন্যান্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে। (৪) ভর্তির আবেদনের সময় শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সংশ্লিষ্ট সকলকে সঠিক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে (৫) একজন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে একাধিক প্রতিষ্ঠানে নিশ্চায়ন করলে বা পূর্বে কোন শিক্ষাবর্ষে ভর্তি থাকলে তা বোর্ড নির্ধারিত সময়ে বাতিল না করলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন হবে না এবং ভর্তি বাতিল বলে গন্য হবে (৬) যে কোন তথ্যের জন্য বর্ণিত নম্বরসমূহে সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময় যোগাযোগ করা যাবে। মোবাইল: ০১৩২২-৮৩০৩০৮, ০১৩২২-৮৩০৩০৯ (বোর্ড) ও ০১৩০৪৭৩২১৯৬, ০১৩০৫৭০৩৮৭১, ০১৩০৫৭০৩৮৬৫, ০১৭২৭২৩৩৫২৪ (বুয়েট)।

প্রকৌশলী মো: রকিব উল্লাহ

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।